# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২০৫

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৮২. সালাতের মধ্যে কারো অযু ছুটে গেলে

باب مَنْ يُحْدِثُ فِي الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا جَرِيرُ بْنُ عَبْدِ الْحَمِيدِ، عَنْ عَاصِمٍ الأَحْوَلِ، عَنْ عِيسَى بْنِ حِطَّانَ، عَنْ مُسْلِمِ بْنِ سَلاَّمٍ، عَنْ عَلِيِّ بْنِ طَلْقٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا فَسَا أَحَدُكُمْ فِي الصَّلاَةِ فَلْيَنْصَرِفْ فَلْيَتَوَضَّأْ وَلْيُعِدِ الصَّلاَةَ " .

ـ ضعيف : ضعيف الجامع الصغير ٦٠٧، المشكاة ٣١٤، ١٠٠٦

বাংলা

২০৫। ’আলী ইবনু তালক (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ সালাতের মধ্যে (পশ্চাৎ-দ্বারে) বায়ু নির্গত করলে সে যেন ফিরে গিয়ে অযু করে এবং পুনরায় সালাত আদায় করে।[1]

দুর্বল : যঈফ আল-জামি’উস সাগীর ৬০৭, মিশকাত ৩১৪, ১০০৬।

## English

Narrated Ali ibn Talq:

The Messenger of Allah (ﷺ) said: When any of you breaks wind during the prayer, he should turn away and perform ablution and repeat the prayer.

ফুটনোট

[1] তিরমিযী (অনুঃ নারীদের পশ্চাৎদ্বারে সঙ্গম করা অপছন্দনীয়, হাঃ ১১৬৪) দারিমী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ যে ব্যক্তি স্বীয় স্ত্রীর পশ্চাৎদ্বারে সঙ্গম করে, হাঃ ১১৪১), ইবনু হিব্বান (২০৩, ২০৪), ‘আসিম-আল আহওয়াল সূত্রে।

ইমাম তিরমিযী বলেন, ‘আলী ইবনু ত্বালক্ব এর হাদীসটি হাসান। আমি মুহাম্মাদকে বলতে শুনেছি, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সূত্রে বর্ণিত ‘আলী ইবনু ত্বালক্বের কেবল এ হাদীসটিই আমার জানা আছে। আহমাদ (১/৮৬, হাঃ ৬৫৫) শায়খ আহমাদ শাকির বলেন, এর সানাদ সহীহ এবং তিরমিযী (হাঃ ১১৬৫) ওয়াকী‘ সূত্রে ইবনু ‘আব্দুল মালিক ইবনু মুসলিম থেকে তার পিতার সূত্রে। ইমাম তিরমিযী বলেন, এখানে ‘আলী হচ্ছে ‘আলী ইবনু ত্বালক্ব। হাদীসটির সানাদ সহীহ।

কিন্তু মিশকাতের তাহক্বীক্বে শায়খ আলবানী (রহঃ) বলেনঃ এর সনদে ঈসা ইবনু হিত্বত্বান রয়েছে। ইবনু ‘আব্দুল বার্ বলেছেন, তিনি ঐ লোকদের অন্তর্ভুক্ত নন যাদের দ্বারা দলীল গ্রহণ করা যায়। হাফিয (রহঃ) ও ‘আত-তাক্বরীর’ গ্রন্থে এদিকে ইঙ্গিত করেছেন। সেজন্য আমি একে যঈফ সুনানে অন্তর্ভুক্ত করেছি।

-

হাদীস থেকে শিক্ষাঃ

১। পশ্চাৎদ্বারে বায়ু নির্গত হলে উযু নষ্ট হয়। সালাত আদায়কালে বায়ু নির্গত হলে বা উযু ভঙ্গের অন্যান্য কারণ ঘটলে সালাত ছেড়ে দেয়া ওয়াজিব।

২। কারো সালাতরত অবস্থায় বায়ু নির্গত হওয়ার কারণে উযু নষ্ট হলে সে যেন ফিরে এসে পুনরায় সালাত আরম্ভ করে এবং ছুটে যাওয়া অশংশ থেকে আরম্ভ না করে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আলী বিন ত্বলক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57523

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন